গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

ডিসেম্বর ২০১৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ৩১.১২.২০১৫ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (৮ম তলা), রেলভবন, ঢাকা।

০২। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'

০৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর গত ২৬.১১.১৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানালে যুগ্ম-সচিব (প্রশাসন) আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০৪। আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ভূমি সংক্রান্ত বিষয়সমূহঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	বাংলাদেশ রেলওয়ের জমিতে অবস্থিত অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম।	ডিজি, বিআর জানান যে, (১) ট্রেন পরিচালনার সুবিধার্থে রেল লাইনের দুই পাশসহ রেলভূমিতে স্থাপিত সকল অবৈধ স্হাপনা উচ্ছেদ অভিযান নিয়মিতভাবে পরিচালনা অব্যাহত আছে। উচ্ছেদকৃত জায়গা যাতে পুনরায় বেদখল না হয় তা নিশ্চিত করার জন্য জিএম (পূর্ব, পশ্চিম), চট্টগ্রাম/রাজশাহীকে নির্দেশ প্রদান করা হয়েছে। (২) প্রতি মাসের ১ম সপ্তাহে পূর্ববর্তী মাসের উচ্ছেদ কার্যক্রমের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। রেলভূমিতে অবৈধভাবে স্হাপনকৃত বিলবোর্ডের তালিকা প্রনয়ণ করা হয়েছে। জুন/২০১৫ হতে অদ্যাবধি রেলভূমিতে অবৈধভাবে স্হাপিত পূর্বাঞ্চলে ১৪১টি এবং পশ্চিমাঞ্চলে ১৬টি সর্বমোট ১৫৭টি বিল বোর্ড অপসারণ করা হয়েছে। তবে খুলনায় ২টি বিলবোর্ড মালিকানা সংক্রান্ত ব্যাপারে বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকায় অপসারণ করা যাচ্ছে না। রেলভূমিতে অবৈধভাবে বিল বোর্ড স্থাপনকারীগণ রাজনৈতিকভাবে প্রভাবশালী হওয়ায় এবং যন্ত্রপাতি অপ্রাপ্যতার কারণে বিল অপসারণে বিলম্ব হচ্ছে । বাংলাদেশ রেলওয়েতে বর্তমানে ১৮৪২ টি দোকান বরাদ্দ দেয়া হয়েছে। স্টেশনসমূহ ভাসমান লোকজন এবং অবৈধ অনুপ্রবেশকারীদের কাছ থেকে মুক্ত রাখতে এবং এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য ইতোমধ্যেই জোনাল পর্যায়ে সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। উচ্ছেদ কার্যক্রমে বাজেট বরাদ্দ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জিএম (পূর্ব/পশ্চিম), চট্টগ্রাম/ রাজশাহীকে নির্দেশ প্রদান করা হয়েছে সিইও(পশ্চিম), রাজশাহীর অনুকূলে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এ খাতে অতিরিক্তসহ ৪৫.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দের জন্য এডিজি	(১) ট্রেন পরিচালনার সুবিধার্থে রেল লাইনের দুই পাশসহ বাংলাদেশ রেলওয়ে জমিতে অবস্থিত সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান নিয়মিতভাবে পরিচালনা করতে হবে এবং উচ্ছেদকৃত জায়গা যাতে পুনরায় বেদখল না হয় তা নিশ্চিত করতে হবে। (২) প্রতি মাসের ১ম সপ্তাহে পূর্ববর্তী মাসের উচ্ছেদ কার্যক্রমের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (৩) রেলওয়ের উচ্ছেদ কার্যক্রমের জন্য বুলডোজার কেনার ব্যবস্থা করতে হবে। (৪) রেলভূমিতে অবৈধভাবে স্থাপনকৃত বিলবোর্ডের তালিকা করে উচ্ছেদ অব্যাহত রাখতে হবে। (৫) স্টেশনসমূহ ভাসমান লোকজন এবং অবৈধ অনুপ্রবেশকারীদের কাছ থেকে মুক্ত রাখতে হবে এবং এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। (৬) উচ্ছেদ কার্যক্রমে বাজেট বরাদ্দ বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট জিএমগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (৭) অতিরিক্ত সচিব (প্রশাসন) প্রতি মাসে উচ্ছেদ কার্যক্রম, রাজস্ব আদায়, সার্টিফিকেট মামলা নিয়ে ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম) নিয়ে সভা করবেন।	১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব (সংযুক্ত), (ভূমি), রেলপথ মন্ত্রণালয়। ৪। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে। ৫। জিএম (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে। ৬। ডিআইজি, রেলওয়ে পুলিশ। ৭। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব)।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		(অর্থ) কে অনুরোধ করা হয়েছে। (৩) সভাপতি মহোদয় জানান রেলওয়ের জমির অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য নিজস্ব বুলডোজার কেনার ব্যবস্থা নেয়া পয়োজন। (৪) সভাপতি মহোদয় তেজগাঁ উচ্ছেদে ০৬ টি মামলার বিষয়ে শুনানীতে প্রস্তুতি নিয়ে যাওয়ার জন্য জি.এমদের নির্দেশ প্রদান করেন যাতে মামলাগুলোর রায় সরকার পক্ষে যায়। সভাপতি মহোদয় বলেন যে, গেন্ডারিয়া হতে জুরাইন এবং তেজগাঁও হতে টংগী পর্যন্ত সকল জমিতে অবৈধ স্থাপনায় উচ্ছেদ হয়েছে য দখলে রাখার ব্যবস্থা করতে হবে। স্টেশনসমূহ ভাসমান লোকজন এবং অবৈধ অনুপ্রবেশ কারীদের নিকট থেকে মুক্ত রাখার বিষয়ে গুরুত্ব প্রদান করেন এবং মোবাইল কোর্ট অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।		
৪.২	বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলা নিষ্পত্তি ।	ডিজি, বিআর জানান যে, (১) পেন্ডিং সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে উদ্যোগ গ্রহণের জন্য সিইও (পূর্ব/পশ্চিম)-কে নির্দেশ প্রদান করা হয়েছে। উভয় অঞ্চলের সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের কাচারী ভিত্তিক দায়িত্ব বন্টন করা হয়েছে। বকেয়া আদায়ের তৎপরতা জোরদার করাসহ প্রয়োজনে নতুন মামলা দায়ের করার জন্য সিইও (পূর্ব/পশ্চিম), চট্টগ্রাম/রাজশাহীকে নির্দেশ প্রদান করা হয়েছে। (২) পশ্চিম ও পূর্বাঞ্চলের বিগত ০৬ মাস (জুন/১৫-নভেম্বর/১৫) এর আদায় মাসওয়ারী নিম্নরূপ ঃ (অংকসমূহ লক্ষ টাকায়) মাস | পূর্বাঞ্চল | পশ্চিমাঞ্চল | মোট জুন/১৫ | ০.৬৭ | ৪.৪০ | ৫.০৭ জুলাই/১৫ | ০.৮০ | ১.৮০ | ২.৬০ আগষ্ট/১৫ | ১.৪৮ | ০.৫২ | ২.০০ সেপ্টেম্বর/১৫ | ০.৯০ | ২.২৮ | ৩.১৮ অক্টোবর/১৫ | ২.১১ | ৪.৯১ | ৭.০২ নভেম্বর/১৫ | ৩.২২ | ১.৭৪ | ৪.৯৬ মোট = | ৯.১৮ | ১৫.৬৫ | ২৪.৮৩ (৩) সিইও (পূর্ব/পশ্চিম), চট্টগ্রাম/ রাজশাহী এবং আইন কর্মকর্তা (পূর্ব/ পশ্চিম), চট্টগ্রাম/রাজশাহীসহ সংশি- ষ্ট অন্যান্য কর্মকর্তাদের নিয়ে রেলওয়ের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদ ও দেওয়ানী মামলার বিষয়ে প্রতিমাসে সভা করার জন্য জিএম (পূর্ব/পশ্চিম), চট্টগ্রাম/রাজশাহীকে নির্দেশ প্রদান করা হয়েছে। (৪) বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়, রেলভবন, ঢাকায় এক জন আইন কর্মকর্তার পদ সৃজনের বিষয়ে রিফর্ম প্রকল্প হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পদ সৃজনের পরে আইন কর্মকর্তা পদায়নের কার্যক্রম গ্রহণ করা	(১) পেন্ডিং সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। বকেয়া আদায়ের তৎপরতা জোরদার করতে হবে। প্রয়োজনে নতুন মামলা দায়েরের ব্যবস্থা নিতে হবে। বকেয়া উদ্ধারের পরিমাণ বাড়াতে হবে। (২) পশ্চিম ও পূর্বাঞ্চলের বিগত ০৬ মাসের আদায় মাসওয়ারী ছকে আগামী সভায় উপস্থাপন করতে হবে। (৩) জিএম (পূর্ব/পশ্চিম) এর সভাপতিত্বে সিইও (পূর্ব/পশ্চিম), সংশ্লিষ্ট আইন কর্মকর্তা ও অন্যান্য সকলকে নিয়ে রেলওয়ের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদ সংক্রান্ত ও দেওয়ানী মামলার বিষয়ে প্রতিমাসে সভা আয়োজন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। দেওয়ানী মামলায় রেলের পক্ষে রায় হওয়া জমি যথাসময়ে দখলে নিতে হবে। (৪) বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয় রেলভবন ঢাকায় একজন আইন কর্মকর্তার পদ সৃজনের/পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৫) দি রেলওয়ে মেন্স স্টোরস লিঃ, আন্তঃজেলা বাস মালিক সমিতি, কদমতলী এবং ধুম শুভপুর বাস মালিক সমিতি এর অবৈধভাবে দখলকৃত জমির বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ অনাদায়ী অর্থ আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ফলো-আপ প্রতিবেদন	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। যুগ্ম-সচিব (সংযুক্ত) (ভূমি), রেলপথ মন্ত্রণালয়। ৪। জিএম (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৫। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হবে। (৫) বাদী দি বাংলাদেশ রেলওয়ে মেন্স স্টোরস লিঃ এর নির্মাণ কাজ, পজেশন বিক্রয় এবং দখল হস্ড়ান্ড়রের কার্যক্রমের বির"দ্ধে দি রেলওয়ে মেন্স স্টোরস লিঃ-বনাম- বাংলাদেশ রেলওয়ে এর মধ্যে মহামান্য হইকোর্ট বিভাগ, ঢাকায় চলমান রীট পিটিশন নং-৭৭৭৫/২০১০ এর ব্যাপারে মহামান্য হাইকোর্ট বিভাগ, ঢাকা কর্তৃক গত ১৩.০১.২০১৫ তারিখে ৬ (ছয়) মাসের জন্য সমস্ড় নির্মাণ কাজসহ আনুষঙ্গিক কার্যক্রমের উপর নিষেধাজ্ঞার আদেশ প্রদান করা হয়েছে। আন্ড়জেলা বাস মালিক সমিতি, কদমতলী এবং ধুম শুভপুর বাস মালিক সমিতি এর অবৈধভাবে দখলকৃত জমির বিষয়ে আইনানুগ ব্যবস্হা গ্রহণসহ অনাদায়ী অর্থ আদায়ের বিষয়ে সিইও (পূর্ব), চট্টগ্রাম কর্তৃক গত ০৮-০৫-২০১৩ তারিখের পত্রের মাধ্যমে জেনারেল সার্টিফিকেট অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামকে পৃথক পৃথকভাবে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে ফলো-আপ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিইও (পূর্ব), চট্টগ্রাম-কে নির্দেশ প্রদান করা হয়েছে। প্রসঙ্গত চট্টগ্রামস্হ ধুম শুভপুর বাস, মিনিবাস এবং হিউম্যান হলার মালিক সমিতির ১৮.০৫.২০১৪ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে কদমতলী আন্ড়জেলা বাস মালিক সমিতির অনুকূলে বর্তমানে নির্ধারিত ৫.৪০ টাকা হারে ধুম শুভপুর বাস, মিনিবাস এবং হিউম্যান হলার মালিক সমিতির লাইসেন্স ফি'র হার পুনঃনির্ধারণের ব্যাপারে ১৬.০৯.২০১৫ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।	নিয়মিত প্রেরণ করতে হবে। (৬) বাংলাদেশ রেলওয়ের ভূ-সম্পত্তি কর্মকর্তাগণের কার্যালয়ে জনবল সংকট নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৭) সার্টিফিকেট মামলাসমূহের বকেয়া আদায়ের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসকদের প্রতি সচিব মহোদয়ের স্বাক্ষরে আধা-সরকারী পত্র-প্রেরণ করতে হবে। (৮) সমন্বয় সভার পূর্বে অতিরিক্ত সচিব (প্রশাসন) পূর্ব ও পশ্চিম অঞ্চলের ভূ-সম্পত্তি কর্মকর্তাদের নিয়ে সভা করবেন।	
৪.৩	বাংলাদেশ রেলওয়ের ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সংশোধনী নীতিমালা প্রণয়ন।	যুগ্ম-সচিব (ভূমি/সংযুক্ত) জানান যে, বাংলাদেশ রেলওয়ের ভূ-সম্পত্তি ব্যবস্থাপনার জন্য প্রণীত খসড়া নীতিমালাটি বাংলাদেশ রেলওয়ের প্রাপ্ত মতামত পর্যালোচনার জন্য মন্ত্রণালয়ে গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনাক্রমে একটি চূড়ান্ত খসড়া প্রস্তুত করে দাখিল করা হয়েছে। উক্ত খসড়া নীতিমালা পর্যালোচনাতে উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে দায়িত্ব প্রদান করা হয়েছে।	বাংলাদেশ রেলওয়ের ভূমি ব্যবস্থাপনার জন্য খসড়া নীতিমালা দ্র"ত চূড়ান্ত করতে হবে। খসড়া নীতিমালা নিয়ে সচিব মহোদয়ের সভাপতিতে ২ সপ্তাহের জন্য একটি সভা করতে হবে।	১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব (ভূমি/সংযুক্ত), রেলপথ মন্ত্রণালয়।
৪.৪	বাংলাদেশ রেলওয়ের ভূমি উন্নয়ন কর পরিশোধ।	ভূমি উন্নয়ন কর ও পৌর কর মওকুফের বিষয়ে মাননীয় রেলপথ মন্ত্রীর স্বাক্ষরে মাননীয় অর্থ মন্ত্রী বরাবর প্রেরিত ১৯.০১.২০১৫ তারিখের ডি.ও পত্রের বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। বাংলাদেশ রেলওয়ের ভূমির বকেয়া ভূমি উন্নয়ন কর ও পৌরকর পরিশোধের জন্য বাজেট বরাদ্দ বৃদ্ধিসহ অন্যান্য করণীয় বিষয়ে অতি:সচিব (প্রশাসন) এঁর সভাপতিত্বে ০৭-০৯-২০১৫ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে কার্যক্রম	(১) ভূমি সংস্কার বোর্ড থেকে প্রাপ্ত তথ্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে প্রেরণ পূর্বক যাচাই করে সঠিক দাবি নির্ধারণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। (২) সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) দের নিকট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যাচাই করে প্রকৃত দাবি নির্ধারণ করতে হবে।	১। অতিরিক্ত সচিব (প্রঃ), রেলপথ মন্ত্রণালয় ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয়। ৪। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		গ্রহণ করা হয়েছে। ডিজি, বিআর জানান যে, (২) ভূমি সংস্কার বোর্ড এর ২৩.০৪.২০১৪ তারিখের পত্রের মাধ্যমে বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য অনুরোধ জানানো হয়। তদপ্রেক্ষিতে এ দপ্তরের ২০.১০.২০১৪ তারিখের পত্রের মাধ্যমে ২০০৫ সালের পর হতে হালসন পর্যন্ড় ভূমি উন্নয়ন করের প্রকৃত দাবী ও ইতোমধ্যে পরিশোধিত অর্থের পরিমাণ, বকেয়ার পরিমাণ ইত্যাদি তথ্যাদি রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (৩) ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের জন্য ৭.০০ কোটি টাকা এবং পশ্চিমাঞ্চলের জন্য ৭.০০ কোটি টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছিল। বকেয়াসহ হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের জন্য ২০.০০ কোটি টাকা করে বাজেট বরাদ্দ করা প্রয়োজন।	(৩) রেলওয়ের ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৫। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৬। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।
৪.৫	বাংলাদেশ রেলওয়ের ভূমি আধুনিক পদ্ধতিতে সার্ভে করে Land Use Plan প্রণয়ন ।	শেলটেক কনসালটেন্ট (প্রা:) লিঃ কর্তৃক Land Survey and Preparation of Land use plan তৈরী প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য ২৬.০৫.২০১৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুযায়ী ইতোমধ্যে পূর্বাঞ্চলের দাখিলকৃত চূড়ান্ত রিপোর্ট পর্যালোচনার জন্য গঠিত কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে যুগ্ম-সচিব (ভূমি) মহোদয়ের সভাপতিত্বে ২৫.১১.২০১৫ তারিখে একটি সভা করা হয়েছে।	(১) বাংলাদেশ রেলওয়ের ভূমি আধুনিক পদ্ধতিতে সার্ভে করে Land Use Plan প্রণয়ন সংক্রান্ত প্রকল্প যথাসময়ে সমাপ্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) পূর্বাঞ্চলের দাখিলকৃত ড্রাফট ফাইনাল রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা করে মতামত সম্বলিত প্রতিবেদন দ্রুত প্রদানের জন্য গঠিত কমিটি নির্ধারিত সময়ে প্রতিবেদন পেশ করবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। যুগ্ম-সচিব (সংযুক্ত/ভূমি), রেলপথ মন্ত্রণালয়। ৩। প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট) ।
৪.৬	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর এলাকার ভূমি বিরোধ নিষ্পত্তি।	ঢাকা বিমানবন্দর সংলগ্ন এলাকার রেলভূমি নিয়ে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে বিরোধ নিয়ে আন্ত:মন্ত্রণালয় কমিটির প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশ রেলওয়ে এর অনুকূলে ৮.৩৬ একর ভূমি দ্রুত হস্তান্তরের জন্য সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-কে ০১.০৪.২০১৫ তারিখে অনুরোধ করা হয়। গত ২২.১১.২০১৫ তারিখে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জেট ফুয়েল সাইডিং প্রকল্পের জন্য ৮.৩৬ একর ভূমি বাংলাদেশ রেলওয়ে-কে হস্তান্তরের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে বাংলাদেশ রেলওয়ে, বেবিচক, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয় এর সমন্বয়ে পুনরায় একটি সভা অনুষ্ঠানের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়। সচিব মহোদয় বলেন যে, হযরত শাহজালাল	(১) বর্ণিত রেলওয়ের ভূমি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যেন অবৈধভাবে দখল করতে না পারে তা নিশ্চিত করতে হবে। (২) রেলওয়ের অনুকুলে ৬০ ফুট জায়গার দখল আপাতত নিতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব (ভূমি)/ (সংযুক্ত), রেলপথ মন্ত্রণালয়। ৪। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব)।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		আন্তর্জাতিক বিমান বন্দর এলাকার ভূমি বাংলাদেশ রেলওয়ের অনুকূলে আনতে হবে। এ বিষয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা করেছেন তবে কোন কার্যবিবরণী পাওয়া যায়নি। উক্ত সভায় রেলওয়ের অনুকুলে আপাতত ৬০ ফুট জায়গা দখলে নেয়ার সিদ্ধান্ত হয়।		
		(খ) সাধারণ প্রশাসন সংক্রান্ত বিষয়সমূহঃ		
৪.৭	বাংলাদেশ রেলওয়ের শূন্য পদে লোক নিয়োগ।	ডিজি, বিআর জানান যে, (২) স্বচ্ছতা নিশ্চিত করে সততা ও নিরপেক্ষতার সাথে নিয়োগ কার্যক্রম চূড়ান্ড় করার জন্য উভয় অঞ্চলের জিএমগণকে পরামর্শ দেওয়া হয়েছে। (৩) এ ব্যাপারে পরিকল্পনা মোতাবেক প্রতি মাসের প্রথম সপ্তাহে নিযোগের অগ্রগতি জানানোর জন্য জিএমগণকে নির্দেশ দেয়া হয়েছে। নব-নিয়োগ তরান্বিত করার জন্য উভয় অঞ্চলের জিএমগণকে একটি টাইমবাউন্ড কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য নির্দেশ দেয়া হয়। সে মোতাবেক টাইমবাউন্ড কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। ইতোমধ্যে সহকারী স্টেশন মাস্টার এর ২৭০ টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে এবং ৩০ নভেম্বর/২০১৫ এর মধ্যে দরখাস্ড় আহ্বান করা হয়েছে। বর্তমানে প্রাপ্ত আবেদন মোতাবেক নির্বাচনী পরীক্ষার প্রস্ড়ুতি চলছে। এছাড়া ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৮৬ ক্যাটাগরির মোট ১৪৮৯ টি পদের ছাড়পত্রের জন্য রেলপথ মন্ত্রণালয়ে চাহিদা প্রেরণ করা হয়েছে যা প্রক্রিয়াধীন আছে। (৪) নব-নিয়োগকৃত কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হচ্ছে। প্রশিক্ষণ সংক্রান্ড় তথ্য পরবর্তীতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। (৫) রেলওয়ে প্রশিক্ষণ একাডেমীর প্রশিক্ষণের মান বৃদ্ধির জন্য রেক্টর/আরটিএ-কে পরামর্শ দেয়া হয়েছে।	(১) নিয়োগ সংক্রান্ত চলমান মামলাসমূহ দ্রুত নিস্পত্তি করতঃ নিয়োগ সম্পাদন করতে হবে। (২) নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ স্বচ্ছতা নিশ্চিত করে সততা ও নিরপেক্ষতার সাথে নিয়োগ সম্পন্ন করতে হবে। (৩) নিয়োগ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (৪) নব নিয়োগকৃত কর্মচারিদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (৫) রেলওয়ে প্রশিক্ষণ একাডেমীর প্রশিক্ষণের মান বৃদ্ধিকরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে। ৪। যুগ্ম-সচিব (আইন)/(সংযুক্ত), রেলপথ মন্ত্রণালয়। ৫। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৪.৮	নিয়োগ বিধি প্রণয়ন।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জানান যে, এ বিষয়ে সংশিণ্টষ্ট সকলের সাথে যোগাযোগ অব্যাহত আছে। সভাপতি এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	(১) বাংলাদেশ রেলওয়ে নন-গেজেটেড কর্মচারিদের খসড়া নিয়োগ বিধির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জবাব দ্রুত প্রস্তুত করে প্রেরণ করতে হবে এবং পরিচালক(সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। উপ-সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়। ৩। পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে ।
৪.৯	ক্যাডার কম্পোজিশন রুল্স প্রণয়ন এবং নিয়োগ বিধি প্রণয়ন।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জানান যে, রেলপথ মন্ত্রণালয় হতে ২৪-০৩-২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ১৬-০৪-২০১৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কতিপয় তথ্য চেয়ে প্রস্তাবটি ফেরত প্রদান করা হয়েছে। গত ২৯-০৪-২০১৫ তারিখ ডিজি, বিআরকে উক্ত পত্রের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।	ক্যাডার কম্পোজিশন রুল্স ও নিয়োগ বিধি অনুমোদনের জন্য উপ সচিব (প্রশাসন) বিষয়টি মনিটরিং করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। উপ-সচিব(প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
				৫।উপ-পরিচালক/ই-১, বাংলাদেশ রেলওয়ে।
৪.১০	বাংলাদেশ রেলওয়ের অডিট আপত্তি নিষ্পত্তি।	উপ-সচিব (অডিট) জানান যে, ৪.১১(১) নং সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ৪.১১(১) নং সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে নভেম্বর/২০১৫ মাসের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ তথ্যাদিঃ নভেম্বর/২০১৫ পর্যন্ত অডিট আপত্তির সংখ্যা ১৪,৬২৮টি। নভেম্বর/২০১৫ মাসে নিষ্পত্তি হয়েছে ২২টি। নভেম্বর/২০১৫ পর্যন্ত মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা-১৪,৬০৬টি । ● সাধারণ অনিষ্পন্ন-১৩,০৮৭টি ● অগ্রিম অনিষ্পন্ন - ৯২৩টি ● খসড়া অনিষ্পন্ন- ৫৯৬টি ● নিষ্পত্তিকৃত- ০৩টি ● নতুন আপত্তির সংখ্যা- ২০টি ডিজি, বিআর জানান যে, এ দপ্তর থেকে ইতোপূর্বে পত্র নং-মপ/অহি/বিধি/সমন্বয় সভা/২০০৬(৩)-৫০৫ তারিখ ১৮.১১.২০১৫ এর মাধ্যমে বিভাগীয় প্রধানগণকে পত্র লেখা হয়েছে। অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ১৯-১১-১৫ হতে ২০-১২-১৫ তারিখ পর্যন্ড় ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে ২২টি প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে অডিট রিপোর্টভুক্ত সাল ভিত্তিক ও অগ্রিম অনুচ্ছেদভূক্ত অনালোচিত/অনিস্পন্ন আপত্তি সমূহের উপর গত ৩.১২.২০১৫ তারিখে ১টি ত্রি পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং দ্বি-ত্রি-পক্ষীয় সভা চলমান আছে।	(১) প্রয়োজনীয় প্রমাণকসহ যথাসময়ে জবাব প্রদানপূর্বক অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) কে প্রতি মাসে অন্ততঃ দু'বার নিয়মিত দ্বি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। (৩) ত্রি-পক্ষীয় সভার মাধ্যমেও অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৪) অডিট আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে। (৫) বিভিন্ন সময়ে গঠিত জাতীয় সংসদের পি.এ কমিটিতে আলোচিত ও সিদ্ধান্ত গৃহীত ১৫৯টি অডিট আপত্তির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে জবাব/প্রতিবেদন আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক বাংলাদেশ রেলওয়েকে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৪। উপ-সচিব (অডিট), রেলপথ মন্ত্রণালয়।
৪.১১	বাংলাদেশ রেলওয়ের পেনশন কেস নিষ্পত্তি।	ডিজি বিআর জানান যে, (১) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জিএম (পূর্ব ও পশ্চিম) কে নির্দেশ প্রদান করা হয়েছে। (২) পেনশন কেস দ্র"ততার সাথে নিষ্পন্ন করার বিষয়টি গুর"ত্ব দিয়ে মনিটরিং করা হচ্ছে। অক্টোবর/২০১৫ মাসের জের ৩টি, নভেম্বর/২০১৫ মাসে নতুন কেইস ১টি এবং নিষ্পত্তি ০টি। নভেম্বর/২০১৫ এর জের ৪টি।	**(১)** পেনশন কেস প্রেরণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে অডিট আপত্তি নেই এমন সার্টিফিকেট সংগ্রহপূর্বক পেনশন মঞ্জুর সম্পর্কে অফিস প্রধানের সুস্পষ্ট মন্তব্যসহ যথাযথভাবে পেনশন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (২) পেনশন কেস দ্রুত নিষ্পত্তির জন্য সর্বোচ্চ উদ্যোগ গ্রহণ করতে হবে। (৩) ডিজি, বিআর এর দপ্তর হতে পেনশন কেসসমূহ যথাযথভাবে যাচাই-বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৪। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৪.১২	বিভাগীয় মামলা নিষ্পত্তি।	সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা) জানান যে, বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাদের বির"দ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। পূর্ব মাস হতে আগত	(১) বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) যে সকল মামলা ৬ মাসের অধিক পেন্ডিং রয়েছে সেগুলো দ্রুত	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		বিভাগীয় মামলার সংখ্যা ৫১টি, চলতি মাসে বিভাগীয় মামলা রুজু হয় ০২টি। চলতি মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি। ৬ মাসের উর্ধ্বে বিভাগীয় মামলার সংখ্যা ১৩টি, ৩ মাসের উর্ধ্বে বিভাগীয় মামলা ১২টি, অনিষ্পন্ন বিভাগীয় মামলার মোট সংখ্যা ৫১টি, তদন্তাধীন মামলার সংখ্যা ৪৭টি। এ ছাড়া ডিজি, বিআর জানান যে, (১) বিভাগীয় মামলার গুনগতমান বজায় রেখে দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। অক্টোবর /২০১৫ মাসের জের ৩২৫ টি, অক্টোবর/২০১৫ মাসে নতুন মামলা হয়েছে ২৭টি, নিষ্পত্তি হয়েছে ৩৯টি। নভেম্বর/২০১৫ মাসের জের ৩১৩ টি (২) যে সকল বিভাগীয় মামলা ৬ মাসের অধিক পেন্ডিং রয়েছে সেগুলোর দ্রুত নিষ্পত্তির জন্য সংশিণ্টষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে।	নিষ্পত্তির জন্য সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	৩। সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা), রেলপথ মন্ত্রণালয়।
৪.১৩	পরিদর্শন।	যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, গত ০৮.১২.২০১৫ তারিখে প্রশাসন-২ শাখা পরিদর্শন করেন। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন০২), রেলপথ মন্ত্রণালয় ২২.১১.২০১৫ তারিখে শাখা পরিদর্শন করেন। সভাপতি কর্মকর্তাগণ কর্তৃক তাদের অধীনস্থ শাখা নিয়মিত পরিদর্শনের জন্য অনুরোধ জানান।	(১) 'সচিবালয় নির্দেশমালা-২০১৪' মোতাবেক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন । (২) সংস্থার প্রধান ও বিভাগীয় প্রধানগণ ম্যানুয়াল অনুযায়ী নিজ নিজ অফিস পরিদর্শনসহ মাঠ পর্যায়ে পরিদর্শন অব্যাহত রাখবেন এবং পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।	১। রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। ২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে ।
৪.১৪	ওয়েব সাইট তৈরি ও ইন্টারনেট সংযোগ প্রদান।	মন্ত্রণালয়ের প্রোগ্রামার জানান যে, অত্র মন্ত্রণালয়ের e-filing system চালু করণের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে অত্র মন্ত্রণালয়ের ০৫ (পাঁচ) জন কর্মকর্তা ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে এক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রশিক্ষন গ্রহণ করেছেন। ই-নথি ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণের অভিজ্ঞতা বিনিময়ের জন্য গত ০৩.১১.২০১৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় রেলভবনস্থ ২য় তলার সভাকক্ষে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ অন্যান্য কর্মকর্তাগণের উপস্থিতিতে একটি Power Point Presention উপস্থাপন করা হয়। উল্লেখ্য, এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অত্র মন্ত্রণালয়ে e-filing system বাস্তবায়নের নিমিত্ত গত ২৭.০৮.২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে ২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ এ শাখার ৭৮ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তয়নের প্রেক্ষিতে Computer LAB স্থাপন ও অন্যান্য Computer Hardware সরবারহ পূর্বক এ	(১) মন্ত্রণালয় ও রেলওয়ের ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। (২) অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) রেলভবনে Wifi Zone স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (৩) মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়েতে e-filing system চালু করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/অপারেশন/ রোলিং স্টক/ অর্থ/এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে। ৩। সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে। ৪। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে। ৫। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের e-filing system বাস্তবায়নের উপর পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ডিজি, বিআর জানান যে, (১) বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইট নিয়মিত আপডেট করা হচ্ছে। (২) বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন দপ্তরের সাথে Video Conferencing, Website সংযোগ Wifi সংযোগ, LIS, CWCS-এর কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন মালামাল সংগ্রহ, স্থাপন, রক্ষনাবেক্ষণ ইত্যাদি কাজের জন্য অত্র দপ্তর হতে ২০-৯-২০১৪ তারিখে দরপত্র আহ্বান করা হয়। ঠিকাদার প্রতিষ্ঠান Computer Network System (CNS)- গত ৮.১২.২০১৫ খ্রিঃ তারিখে রেলভবনে Wifi সংযোগ এর কাজ শুর“ করে । বর্তমানে এর ৯০% এর বেশি কাজ সম্পন্ন হয়েছে এবং তা খুব শীঘ্রই কমিশনিং করা হবে। (৩) বাংলাদেশ রেলওয়ের ৪ (চার) জন কর্মকর্তা e-filing system এর উপর এক্সেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রাম মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয় থেকে ২৫-১০-২০১৫ থেকে ২৯-১০-২০১৫ তারিখ পর্যন্ড় ৫ দিন ব্যাপি প্রশিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকদের মাধ্যমে রেলওয়ের সকল দপ্তরে কার্যক্রম প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।		
৪.১৫	জিআরপিএর কার্যক্রম।	ডিআইজি, জিআরপি জানান যে, রেলওয়ে রেঞ্জ চট্টগ্রাম ও সৈয়দপুর রেলওয়ে জেলার পুলিশি অভিযান ও মোবাইল কোর্টে নভেম্বর/২০১৫ মাসের মামলার সংখ্যা মাদকদ্রব্য-৫৩, চোরাচালানী-১২, জিডির-৬৮ এবং গ্রেফতারের সংখ্যা মাদকদ্রব্য-৬৫ জন, চোরাচালান-১২ জন। ডিজি,বিআর জানান যে, (২) সীমান্ড়বর্তী এলাকা দিয়ে চলাচলকারী ট্রেনসমূহে জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্সের মাধ্যমে নিয়মিতভাবে অভিযান পরিচালনা করা হচ্ছে। রেলপথ দিয়ে যাতে অবৈধ অস্ত্র ও চোরাচালানী পণ্য পরিবাহিত হতে না পারে সে জন্য রেলওয়ে নিরাপত্তা বাহিনী'র সদস্যগণকে ইয়ার্ড এবং স্টেশনের দায়িত্ব পালনের সময় সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে। রেলওয়ে নিরাপত্তা বাহিনীর সদস্যগণ যাত্রীবাহী ট্রেনের জিআরপি'র সহযোগী হিসেবে দায়িত্ব পালন করে। এছাড়া নিরাপত্তা বাহিনীর অফিসার ও প্রহরীদের সহায়তা নিয়ে বাণিজ্যিক বিভাগ কর্তৃক মাঝে মধ্যে রেলপথে চোরাচালান প্রতিরোধে যৌথ অভিযান পরিচালনা করা হচ্ছে। (৩) বর্তমানে রেলওয়ে এলাকায় নির্বাহী ম্যাজিস্ট্রেটের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালিত	(১) রেলওয়ে আইন, ১৮৯০ এর প্রয়োজনীয় সংশোধনীর নিমিত্তে নিম্নবর্ণিত কমিটি গঠণ করা হয়েছে: (ক) জনাব মুহাম্মদ আকবর হুসাইন, যুগ্ম-সচিব (উন্নয়ন/সংযুক্ত), রেলপথ মন্ত্রণালয় - আহবায়ক। (খ) ডিআইজি, রেলওয়ে রেঞ্জ, ঢাকা -সদস্য। (গ) পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে - সদস্য । **কমিটির কার্যপরিধিঃ** কমিটি আগামী সমন্বয় সভার পূর্বে রেলওয়ে আইন ১৮৯০ এর অপরাধের প্রতিকারের নিমিত্তে জরিমানার পরিমাণ বৃদ্ধির জন্য সংশোধনীর প্রস্তাবসহ প্রতিবেদন পেশ করবে। (২) ট্রেনে অস্ত্র, মাদকসহ অন্যান্য চোরাইমাল পরিবহণ প্রতিরোধকল্পে আরএনবি'র সাথে সমন্বয় পূর্বক জিআরপির নজরদারি ও তৎপরতা বৃদ্ধি করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। যুগ্ম সচিব (উন্নয়ন)(সংযুক্ত), রেলপথ মন্ত্রণালয়। ৩। ডিআইজি, রেলওয়ে রেঞ্জ। ৪। পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে। ৫। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম)।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হচ্ছে। মোবাইল কোর্টের মাধ্যমে বিনা টিকেটে ট্রেন ভ্রমণ, ট্রেনের ছাদে/ইঞ্জিনে ভ্রমণ, ছিনতাই, মাদকসেবী, চোরাকারবারী, মাদক পাচারকারী ও টিকিট কালোবাজারী রোধকল্পে অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়াও রেলওয়েতে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণ দ্বারা মোবাইল কোর্ট চালানোর লক্ষ্যে ম্যাজিস্ট্রেসী ক্ষমতা অর্পণের জন্য মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়েছে। (৪) জিআরপি ও আরএনবি 'র সমন্বিত উদ্যোগের মাধ্যমে যাত্রীদের ছাদে ভ্রমণ প্রতিরোধ ও স্টেশনসমূহ হকারমুক্ত রাখার জন্য জোনাল পর্যায়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। (৫) বাংলাদেশ রেলওয়ের ট্রাফিক বিভাগ কর্তৃক বিভিন্ন ট্রেনে নিয়মিতভাবে টিকেট চেকিং কার্যক্রম পরিচালিত হয়। বাংলাদেশ রেলওয়েতে পরিচালিত টিকেট চেকিং কার্যক্রমের সর্বশেষ ফলাফল। হিসাব বিভাগের টিটিইগণের জুলাই/২০১৫ মাসের অর্জিত আয়ের বিবরণী।	তাছাড়া, ট্রেন চালকদের নিরাপত্তাসহ ট্রেনে চেইন টেনে ও হুইস পাইপ খুলে অনির্ধারিত স্থানে চোরাকারবারীরা যাতে ট্রেন থামাতে না পারে এ বিষয়টি নিশ্চিত করতে হবে। (৩) মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। বাংলাদেশ রেলওয়ে ও জিআরপির দুই বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সংশিণ্টষ্ট জেলা ম্যাজিস্ট্রেটদের অবহিত রেখে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। (৪) জিআরপি ও আরএনবির সমন্বিত উদ্যোগের মাধ্যমে যাত্রীদের ছাদে ভ্রমণ প্রতিরোধ ও স্টেশনসমূহ হকারমুক্ত রাখার ব্যবস্থ গ্রহণ করতে হবে। (৫) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের মাসিক টিকেট চেকিং ও আয়ের তথ্য একাউন্টস্ ও পরিবহণ ডিপার্টমেন্টকে একই ছকে সমন্বিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
৪.১৬	প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ ।	ডিজি, বিআর জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ে প্রেরিত পাক্ষিক/মাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ হচ্ছে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে প্রতি মাসের ০১ তারিখের মধ্যে পাক্ষিক/মাসিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। তা ছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য পত্রসমূহ নির্ভুল তথ্যসহ পাঠাতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৪.১৭	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগ নিস্পত্তি।	সিদ্ধান্ড় অনুযায়ী প্রতি কার্য দিবসে বাংলাদেশ রেলওয়ের অভিযোগ বক্স খোলা হয় ২৭-১২-২০১৫ পর্যন্ড় কোন অভিযোগ বা চিঠিপত্র পাওয়া যায়নি।	(১) মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ প্রতিদিন একবার অভিযোগ বক্স চেক করবেন। (২) প্রতি সভায় সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের অভিযোগ সম্পর্কিত প্রাপ্ত তথ্যাদি এবং এ সম্পর্কে গৃহীত ব্যবস্থাদি আলাদাভাবে সভায় উপস্থাপন করবেন। (৩) মন্ত্রণালয়ে/অধিদপ্তরে পত্রের মাধ্যমে প্রেরিত অভিযোগ নিস্পত্তির ব্যবস্থা নিতে হবে এবং রির্পোটে উল্লেখ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি) বাংলাদেশ রেলওয়ে। ৩। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১৮	তথ্য অধিদপ্তর হতে প্রাপ্ত পেপার কাটিং এর ওপর গৃহীত ব্যবস্থা ।	ডিজি, বিআর জানান যে, মন্ত্রণালয় হতে প্রাপ্ত সকল পেপার কাটিংসমূহ সংশিণ্টষ্ট দপ্তরে প্রেরণপূর্বক প্রতিবেদনসহ জবাব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। সংশিণ্টষ্ট দপ্তর সমূহ হতে উক্ত প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	পেপার কাটিং এর নিউজের বিষয়ে গুরুত্ব অনুযায়ী দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অধিক সংখ্যক পেপার কাটিং পেয়ে থাকলেও জনগুরুত্বপূর্ণ বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
		(গ) বিবিধ		
৪.১৯	কে. পি. আই	ডিজি, বিআর জানান যে, বাংলাদেশ রেলওয়ের কে. পি. আই হিসাবে চিহ্নিত স্থাপনাসমুহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), চট্টগ্রাম/রাজশাহীকে নির্দেশ প্রদান করা হয়েছে।	(১) বাংলাদেশ রেলওয়ের কে.পি.আই হিসেবে চিহ্নিত যে সকল স্থাপনা রয়েছে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। ডিআইজি, রেলওয়ে রেঞ্জ।
৪.২০	নির্ধারিত সময়সূচি অনুসারে ট্রেন পরিচালনা, কন্টেইনার পরিবহণ ও অন্যান্য বিষয়।	ডিজি, বিআর জানান যে, (১) আন্ড়ঞ্চনগর মেইল এক্সপ্রেস ও লোকাল ট্রেনের সময়ানুবর্তিতার হার নভেম্বর/২০১৫ মাসে যথাক্রমে ৮৩%, ৭৩%, ৮৫% । অক্টোবর/২০১৫ মাসে আন্ড়ঞ্চনগর, মেইল এক্সপ্রেস ও লোকাল ট্রেনের সময়ানুবর্তিতার হার ছিল যথাক্রমে ৮৭%, ৭৬%, ৮৪% এবং সেপ্টেম্বর/২০১৫ মাসে ছিল যথাক্রমে ৮১%, ৭৩%, ৮৪%। সম্প্রতি ২৬ ডিসেম্বর, ২০১৫ তারিখে টঙ্গী-ভৈরববাজার ডাবল লাইন উদ্বোধনের লক্ষ্যে সরকারি পরিদর্শক, বাংলাদেশ রেলওয়ে, টঙ্গী-ভৈরববাজার ডাবল লাইন পরিদর্শন করেন। টঙ্গী-ভৈরববাজার ডাবল লাইন চালু হলে, বর্তমান বাংলাদেশ রেলওয়েতে স্টেশন মাস্টারের শূন্যপদ পূরণ হলে এবং বিদ্যমান নিয়ন্ত্রনাদেশের সংখ্যা কমিয়ে আনা হলে সার্বিক সময়ানুবর্তিতার হার ৮৫% এ উন্নীত করা সম্ভব হবে। (২) বর্তমানে জ্বালানি তেল পরিবহনের চাহিদা পাওয়ার সাথে সাথে ওয়াগন সরবরাহ ও পরিবহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে। (৩) কন্টেইনার পরিবহনের প্রতি গুর"ত্ব প্রদান করা হচ্ছে এবং তা অব্যাহত থাকবে। বর্তমানে নভেম্বর/২০১৫ মাসে মোট ১০৮ টি কন্টেইনার ট্রেনের মাধ্যমে ৫৯০২ TEUs পন্য পরিবহন করা হয়। বিগত অক্টোবর/২০১৫ মাসে মোট ১২৮ টি কন্টেইনার ট্রেনের মাধ্যমে ৬২৩৫ টি TEUs পণ্য পরিবহন করা হয়েছিল।	(১) উভয় অঞ্চলের আন্তঃনগর ট্রেনের সময়ানুবর্তিতার হার কমপক্ষে ৮৫% এ উন্নীত করার বিষয়ে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। (২) অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) যৌথভাবে সমন্বিত পরিকল্পনার মাধ্যমে চাহিদা মোতাবেক সার ও জ্বালানি পরিবহনণ নিশ্চিত করবেন। (৩) নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির সরবরাহ নিশ্চিতকল্পে কন্টেইনার পরিবহণের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। (৪) মহাব্যবস্থাপক, (পূর্ব/পশ্চিম) গত ০৩ (তিন) মসের ট্রেনের নিয়মানুবর্তিতার হার আগামী সভায় উপস্থাপন করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। মহাব্যবস্থাপক, (পূর্ব/পশ্চিম)। ৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে। ৪। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) বাংলাদেশ রেলওয়ে। ৫। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে। ৬। যুগ্ম-মহাপরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে। ৭। যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে।
৪.২১	জিআইবিআর ।	সরকারী রেল পরিদর্শক জানান যে, (২) নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। ডিজি,বিআর জানান যে, রেলওয়ের পরিদর্শন অধিদপ্তরের জন্য জনবল বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে সংস্কার প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান PwC একটি Draft Report পেশ করেছে যার উপর গত ১১-০৩-	(১) রেলওয়ে পরিদর্শন অধিদপ্তরের জনবল বৃদ্ধির দ্র"ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । (২) জিআইবিআর নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখবেন। বিশেষ করে মাঠ পর্যায়ে পরিদর্শনের হার বাড়াতে হবে এবং মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। সরকারী রেলওয়ে পরিদর্শক, রেলওয়ে পরিদর্শন অধিদপ্তর।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		২০১৫ তারিখ সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে একটি Presentation এবং Discussion সভা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার পত্র নং ৫৪.০০.০০০০.০০৭.১৮.০২২.১৪. ১১১১, তারিখ ৯-৪-২০১৫ এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা পাওয়া গিয়েছে এবং তদানুযায়ী প্রয়োজনীয় কাজ চলছে। আগামী জানুয়ারি, ২০১৬ এর মধ্যে রেলওয়ের পরিদর্শন অধিদপ্তরের জনবলসহ বাংলাদেশ রেলওয়ের জনবলের উপর Final Report পরামর্শক প্রতিষ্ঠান PwC কর্তৃক শেক করা হবে। এ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান PwC কে জোর তাগেদা দেয়া হচ্ছে।	প্রেরণ করবেন।	
৪.২২	টাস্কফোর্সের কার্যক্রম	ডিজি,বিআর জানান যে, (৩) ট্রেনের ভিতর পরিস্কার পরিচ্ছন্ন ও সীট কভার, টয়লেট প্রতিনিয়ত পরিস্কার করা হচ্ছে। এসএসএই নভেম্বর/১৫ মাসে পূর্বাঞ্চলে মোট ৬০২ টি এবং পশ্চিমাঞ্চলে বিজিতে ২৭১ টি ও এমজিতে ৫৯ টি কোচের ফিউমিগেশন করা হয়েছে। /টিএক্সআর এবং টিএক্সআরগণকে আন্ড়ানগর ট্রেনসহ সকল ট্রেনের পরিস্কার পরিছন্নতা এবং সম্মানিত সাধারণ যাত্রীগণ যাতে স্বাচ্ছন্দে ভ্রমণ করতে পারেন সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার নির্দেশ দেয়া হয়েছে এবং সুষ্ঠুভাবে পালন করা হচ্ছে। আন্ড়ানগর ট্রেনসমূহের চেয়ার পরিবর্তন/ মেরামত কাজ অব্যাহত রয়েছে। (৪) ক্যাটারিং সার্ভিসের সেবার মান উন্নয়নে সংশিণ্টষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে প্রতি মাসে সভা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়াও ক্যাটারিং সার্ভিসের সেবার মান উন্নয়নে ঘন ঘন কর্মকর্তা/পরিদর্শকগণের সমন্বয়ে পরিদর্শন জোরদার করা হয়েছে। গত নভেম্বর/২০১৫ মাসে সর্বমোট ১৫ টি খাবার গাড়ী পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে জরিমানা আরোপসহ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	(১) টাস্কফোর্স নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। (২) টাস্কফোর্সের প্রদত্ত সুপারিশসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (৩) বাংলাদেশ রেলওয়ের সেবার মানোন্নয়নের লক্ষ্যে যাত্রীবাহী ট্রেনের রেকের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও চেয়ার পরিবর্তন/মেরামত এর বিষয়ে সাপ্তাহিক ভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের বিষয়ে মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। (৪) ক্যাটারিং সার্ভিসের সেবার মান উন্নয়নে টাস্কফোর্স তাৎক্ষণিক পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করবে এবং এর ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। অতিরিক্ত মহাপরিচালক, (আরএস/আই/অপারেশন, বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব(ভূমি), রেলপথ মন্ত্রণালয়। ৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৫। চীফ কমার্শিয়াল ম্যানেজার(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৬। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (সকল) বাংলাদেশ রেলওয়ে।
৪.২৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।	ডিজি, বিআর জানান যে, আগামী ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্ড়বায়নে সর্বোচ্চ গুর"ত্ব প্রদান করা হচ্ছে। (২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উলেণ্টখিত নির্ধারিত তারিখের মধ্যে কর্মসূচি বাস্ড়বায়নের জন্য প্রচেষ্টা অব্যাহত আছে।	আগামী ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করতে হবে। (২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়। ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ৩। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৪.২৪	বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আদায়।	ডিজি, বিআর জানান যে, (১) স্টেশন দিয়ে বিনা টিকেটে যাতে কেউ ঢুকতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	(১) স্টেশনে বিনা টিকিটে যাতে কেউ ঢুকতে না পারে এ বিষয়ে আাধুনিক পদ্ধতি প্রয়োগ ব্যবস্থা করতে হবে। (২) বিনা ভাড়ায় ভ্রমণকারীদের	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। মহাব্যবস্থাপক (পর্ব/পশ্চিম), বাংলাদেশ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.২৫	বাংলাদেশ রেলওয়ের কর্মচারীদের নির্ধারিত ইউনিফর্ম পরিধান ।	ডিজি,বিআর জানান যে, (১) ইউনিফরম প্রাপ্ত কর্মচারীদের-কে কর্মক্ষেত্রে পরিধান করার নির্দেশনা দেওয়া হয়েছে এবং পরিপালন করা হচ্ছে। (২) বিধি মোতাবেক কর্মচারীদের ইউনিফরম বরাদ্দ দেয়া চলমান আছে।	(১) বাংলাদেশ রেলওয়ে যে সকল কর্মচারীদের ইউনিফর্ম আছে তাদের তা কর্মক্ষেত্রেও পরিধান করা বাধ্যতামূলক করতে হবে। (২) বিধি মোতাবেক কর্মচারীদের ইউনিফর্ম বরাদ্দ দিতে হবে। (৩) কর্মচারীদের ধোলাই ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। ৩। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।
৪.২৬	বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমির কার্যক্রম।	ডিজি, বিআর জানান যে, (২) সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমিকে একটি Centre of Excellence হিসেবে উন্নীত করার লক্ষ্যে প্রশিক্ষণ একাডেমি সংক্রান্ত বোর্ড অব ডাইরেক্টরস এর সভা ২৬.১২.২০১৫ তারিখ অনুষ্ঠিত হয়েছে।	(১) বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমীতে চলমান প্রশিক্ষণ পরিকল্পনা/প্রশিক্ষণসূচী বাস্তবায়নের বিষয়ে প্রতি মাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। (২)। বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমিকে একটি Centre of Excellence হিসেবে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। ২। রেক্টর, বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমী, চট্টগ্রাম।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন)
সচিব